তারিখ ... 24 JUL 2016 ...
পৃষ্ঠা ... 7/8 ... কলাম ... 1 ...

জনকণ্ঠ

# কোচিং না করায় পরীক্ষা দেয়া হলো না শিক্ষার্থীদের

**নিজস্ব সংবাদদাতা, আমতলী, বরগুনা, ২৩ জুলাই ॥** বাধ্যতামূলক কোচিং ক্লাস না করায় বরগুনার আমতলী চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহজাহান কবির শিক্ষার্থীদের পরীক্ষার হল থেকে বের করে দিয়েছেন। ঘটনা ঘটেছে শনিবার সকালে।

চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহজাহান কবির শিক্ষার্থীদের বাধ্যতামূলক কোচিং ক্লাস করার জন্য চাপ প্রয়োগ করেন। গত বৃহস্পতিবার শিক্ষার্থীদের ডেকে বাধ্যতামূলক কোচিং ক্লাসে আসার জন্য নির্দেশ দেন। কোচিং করতে না এলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার কথা বলে শাসিয়ে দেন। শনিবার সকালে ছিল দশম শ্রেণীর ভূগোল পরীক্ষা। পরীক্ষা শুরু হলে শিক্ষার্থীরা কক্ষে প্রবেশ করে।

এ সময় দশম শ্রেণীর সাবিহা, লুনা, নাসরিন, জাহিদ, জাকারিয়া, তানজিলা, মাসুম বিল্লাহ ও মেহেদী হাসান এবং অষ্টম শ্রেণীর সাবিনা, শাকিল, সায়েম, সাব্বির, বনি, মহিমা, শারমিন, মেহেরুন্নেছা ও সজীবসহ ৩০-৩৫ শিক্ষার্থীর পরীক্ষা না নিয়ে কক্ষ থেকে বের করে দেন। তাদের অপরাধ তারা প্রধান শিক্ষকের নির্দেশমতো বৃহস্পতিবার রাতে কোচিং ক্লাসে আসেনি। এ নিয়ে শিক্ষার্থীরা প্রতিবাদ করলে প্রধান শিক্ষক জানিয়ে দেন কোচিং ক্লাসে না এলে বিদ্যালয়ে আসার প্রয়োজন নেই। শিক্ষার্থীরা পরীক্ষা না দিয়ে বাড়ি চলে যায়। এ বিষয়ে দু'শিক্ষার্থী দশম শ্রেণীর সাবিহা ও অষ্টম শ্রেণীর সাবিনা আমতলী উপজেলা চেয়ারম্যান জিএম দেলওয়ার হোসেনের কাছে লিখিত অভিযোগ করে।

প্রধান শিক্ষক শাহজাহান কবির অভিযোগ অস্বীকার করে বলেন, আমি কাউকে কোচিং ক্লাস করতে বাধ্য করিনি এবং পরীক্ষার হল থেকে বের করে দিইনি। কেন শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করেনি- এমন প্রশ্নে তিনি বলেন, বিষয়টি আমার জানা নেই। আমতলী উপজেলা চেয়ারম্যান জিএম দেলওয়ার হোসেন জানান, অভিযোগ পেয়েছি। উপজেলা নির্বাহী অফিসারকে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বলা হয়েছে।